দৈনিক ইনকিলাব

তারিখ: 14 APR 2009
পৃষ্ঠা: ১ কলাম: ২

পরীক্ষার্থী ৬ লাখ ১ হাজার ৮শ' ৩৮

# এইচএসসি ও আলিম পরীক্ষা বৃহস্পতিবার শুরু

## অপতৎপরতা কঠোর হস্তে দমন করা হবে –শিক্ষামন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** সারা দেশের দশটি শিক্ষা বোর্ডে অধীনে এইচএসসি ও আলিম পরীক্ষা আগামী ১৬ এপ্রিল বৃহস্পতিবার শুরু হচ্ছে। ৮টি সাধারণ শিক্ষা বোর্ড, ১টি মাদ্রাসা শিক্ষা বোর্ড ও ১টি কারিগরি বোর্ডের অধীনে এইচএসসি ও সমমানের পরীক্ষায় এবার অংশ

পৃঃ ৫ কঃ ১

## এইচএসসি ও আলিম পরীক্ষা

*প্রথম পৃষ্ঠার পর*

নিচ্ছে ৬ লাখ ১৮ হাজার ৩০৮ জন শিক্ষার্থী। এর মধ্যে ৩ লাখ ৪১ হাজার ১০৬ জন ছাত্র এবং ২ লাখ ৭৭ হাজার ২০২ জন ছাত্রী। দেশের ৭ হাজার ২৩৭টি প্রতিষ্ঠানের পরীক্ষার্থীরা ১ হাজার ৯১৯টি কেন্দ্রে পরীক্ষা দেবে। পরীক্ষার্থীদের মধ্যে ঢাকা বোর্ডে ১ লাখ ৫৩ হাজার ৩৯৮ জন, রাজশাহী বোর্ডে ৭৫ হাজার ৬২৯ জন, কুমিল্লা বোর্ডে ৪১ হাজার ৬৪৪ জন, যশোর বোর্ডে ৭২ হাজার ৪৮৯ জন, চট্টগ্রাম বোর্ডে ৪১ হাজার ৬৪৪ জন, বরিশাল বোর্ডে ৩০ হাজার ১৫৯ জন, সিলেট বোর্ডে ১৮ হাজার ৩৪৯ জন এবং দিনাজপুর বোর্ডে ৫৯ হাজার ৪২২ জন। আট সাধারণ শিক্ষাবোর্ডে পরীক্ষায় অংশ নিচ্ছে ৪ লাখ ৯৪ হাজার ৮৩৩ জন। মাদ্রাসা শিক্ষা বোর্ডে ৫৯ হাজার ৩৫৪ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডে ৬৪ হাজার ১২১ পরীক্ষার্থী এবারের পরীক্ষায় অংশ নিচ্ছে। এছাড়া জেদ্দা, রিয়াদ, কাতার, আবুধাবী ও ত্রিপলীতে অবস্থিত ৫টি বিদেশী কেন্দ্র থেকে এবছর ১৭০ জন পরীক্ষার্থী পরীক্ষা দেবে। এ বছর সকল বোর্ডে ড্রপ আউট শতকরা ১৯ দশমিক ১৯ ভাগ। এর মধ্যে ছাত্র শতকরা ২০ দশমিক ২৯ ভাগ ও ছাত্রী শতকরা ১৯ দশমিক ৪৫ ভাগ। গত বছর ড্রপ আউট ছিল ২৩ দশমিক ৫৮ ভাগ।

গতকাল (সোমবার) উচ্চ মাধ্যমিক পরীক্ষা উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, এবারের এইচএসসি পরীক্ষার পরিবেশ হবে সম্পূর্ণ নকলমুক্ত ও শান্তিপূর্ণ। পরীক্ষায় ছাত্র-শিক্ষক-কর্মকর্তাদের যে কোন পর্যায়ের অপতৎপরতাকে কঠোর হস্তে দমন করা হবে বলে তিনি জানান। শিক্ষা সচিব সৈয়দ আতাউর রহমানসহ কর্মকর্তাবৃন্দ ও বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যানগণ এ সময় উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রী বলেন, সম্পূর্ণ নকলমুক্ত, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের মাধ্যমে একদিকে পরীক্ষার্থীরা যেমন তাদের মেধা যাচাই করার সুযোগ পাবে, অন্যদিকে শিক্ষার গুণগত মান বৃদ্ধি পাবে। তিনি এ বিশাল কর্মযজ্ঞে সংশ্লিষ্ট শিক্ষক, কর্মচারী, কর্মকর্তা, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, অভিভাবক, সাংবাদিকসহ সবার সহযোগিতা কামনা করেন।